দৈনিক ইনকিলাব 328

তারিখ NOV. 1 6 1999
পৃষ্ঠা ৬ কলাম ৪

ক্যাম্পাসে ছাত্রদলের সমাবেশে

# ঘাতক সরকারের পতন ঘটিয়ে রক্তের প্রতিশোধ নেয়া হবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ জাতীয়তাবাদী ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি মঞ্জু-ই-এলাহী বলেছেন, সরকার প্রধান থেকে শুরু করে তার মন্ত্রীরা আজ চলমান একদফা আন্দোলনে ভীত, দিশেহারা ও বিকারগ্রস্ত হয়ে পড়েছেন। যে কারণে তারা মহান সংসদে দাঁড়িয়ে মিথ্যাচার করছেন ও প্রলাপ বকছেন। তিনি বলেন, রাজপথের যে আন্দোলনে জাতীয় নেতৃবৃন্দের রক্ত ঝরেছে, সেই আন্দোলন কখনই বিফল হবে না। লাগাতার কর্মসূচী দিয়ে এই ঘাতক ও বর্বর সরকারকে চিরতরে ক্ষমতা থেকে উচ্ছেদ করে রক্তের প্রতিশোধ নেয়া হবে।

মঞ্জুর-ই-এলাহী বিরোধী জোট আহূত আজকের হরতালের সমর্থনে গতকাল (সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রদল আয়োজিত মিছিল-পরবর্তী সমাবেশে এ কথা বলেন। ডাকসু ভবনের সামনে ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে আরো বক্তব্য রাখেন রফিকুল ইসলাম বকুল, মোজাফফর হোসেন জাকির, আজিজুল বারী হেলাল, সুলতান সালাউদ্দিন টুকু, হাসান মঞ্জুর, শফিউল বারী বাবু, মোস্তাফিজুল ইসলাম মামুন, নুরুল ইসলাম নয়ন, শহিদুল ইসলাম বাবুল প্রমুখ।

মনির হোসেন বলেন, মহান সংসদে দাঁড়িয়ে শেখ হাসিনা যে ধরনের কথা বলেছেন তা হরিজন পল্লীর একজন ঝগড়াটে মহিলার বিকৃত রুচির বহিঃপ্রকাশ ছাড়া কিছুই নয়। তা কোনভাবেই দেশের প্রধানমন্ত্রীর বক্তব্য হতে পারে না। সমাবেশ থেকে আজকের হরতাল সফল করার জন্য ছাত্র-জনতার প্রতি আহবান জানানো হয়।